# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**30 JANUARY 2025 7:45—7:55**

---

১) জনবিন্যাসের দ্রুত পরিবর্তন রোধ করতে না পারলে আসামকে একদিন ভয়ঙ্কর বিপদের সম্মুখীন হতে হবে বলে কেন্দ্রীয় স্বাষ্ট্রমন্ত্রী অমিত শাহর মন্তব্য ।

২) সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকাও আজ জাতির পিতা মহাত্মা গান্ধীর ৭৮তম মৃত্যু বার্ষিকীতে তাকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ

৩) বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের ৩১ তম দ্বিবার্ষিক কেন্দ্রীয় অধিবেশন আজ থেকে হাইলাকান্দিতে আরম্ভ ।

এবং

৪) শিলচর পৌর নিগমের উদ্যোগে আজ থেকে ৭৪তম গান্ধী মেলা ও প্রদর্শনী শুরু ।

---

জনবিন্যাসের দ্রুত পরিবর্তন রোধ করতে না পারলে আসামকে একদিন ভয়ঙ্কর বিপদের সম্মুখীন হতে হবে । আসামে তৃতীয়বারের জন্য বি জে পি সরকার গঠন করতে পারলে প্রত্যেক বিদেশীকে বিতারিত করা হবে । ডিব্রুগড়ে আজ ১ হাজার ৭শো ১৫ কোটি টাকা ব্যায়সাপেক্ষে একগুচ্ছ প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাশ করে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এই মন্তব্য করেন । তিনি আসামের জনবিন্যাসের এই পরিবর্তনে বাধা আরোপ করতে সবাইকে আহ্বান জানিয়ে বলেন যে রাজ্যের বি জে পি সরকারের উদ্যোগে ইতিমধ্যে ১ লক্ষ ২৬ হাজার হেক্টর জমি অনুপ্রবেশকারীদের হাত থেকে দখল মুক্ত করা হয়েছে । শ্রীমত শংকর দেবের জন্মভূমি বটদ্রবার সঙ্গে কাজিরাঙ্গা জাতীয় উদ্যানকে অনুপ্রবেশকারীদের হাত থেকে দখল মুক্ত করতে রাজ্য সরকার সক্ষম হয়েছে

বলেও শ্রী শাহ মন্তব্য করেন । আসামকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তিনি মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মাকে ধন্যবাদ জ্ঞাপন করেন ।

কেন্দ্রীয় মন্ত্রী আজ ডিব্রুগড়ে ১ হাজার ৭শো ১৫ কোটি টাকা ব্যায়সাপেক্ষে বেশ কয়েকটি প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাশ করেন । ডিব্রুগড়ের খনিকর খেলার মাঠে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা , কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল সহ অন্যান্য কয়েকজন রাজ্য মন্ত্রীসভার সদস্য উপস্থিত ছিলেন । তিনি ডিব্রুগড়কে রাজ্যের দ্বিতীয় প্রশাসনিক কেন্দ্র হিসেবে গড়ে তোলার সরকারের প্রচেষ্টার অংশ হিসেবে ২শো ৮৪ কোটি টাকা ব্যায়সাপেক্ষে আসাম বিধানসভার দ্বিতীয় প্রাঙ্গন এবং বিধায়কদের আবাসগৃহের শিলান্যাস করেন । এই প্রাঙ্গনের ভিতরে তিনতলা বিধানসভা ভবন , নয়তলা বিধায়কদের আবাসগৃহ , ৮শো আসন বিশিষ্ট প্রেক্ষাগৃহ এবং নিরাপত্তা বাহিনীর জন্য ১টি ব্যারেক থাকবে । কেন্দ্রীয় মন্ত্রী ওই জেলার ক্রীড়া ক্ষেত্রে নতুন যুগের সূচনা করে খনিকরে ২শো ৩৮ কোটি টাকা ব্যায়সাপেক্ষে বহুমুখী ক্রীড়া প্রকল্পের প্রথম পর্যায়ের উদ্বোধন করেন । তিনি একই সঙ্গে ২শো ৯ কোটি টাকা ব্যায়সাপেক্ষে নির্মীয়মান এই ক্রীড়া প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজের শিলান্যাস করেন ।

শ্রী শাহ এই অনুষ্ঠানে উত্তর-পূর্বাঞ্চলে বন্যপ্রাণী সংরক্ষণের অভিলাষী পদক্ষেপ হিসেবে ডিব্রুগড়ের দিনজানে বন্যপ্রাণী স্বাস্থ্য ও গবেষণা প্রতিষ্ঠানের শিলান্যাস করেন । ২শো ৯২ কোটি টাকা ব্যায়সাপেক্ষে নির্মীয়মান এই প্রতিষ্ঠানে বন্য প্রাণীদের স্বাস্থ্য পর্যবেক্ষণ , বিভিন্ন ধরণের রোগ নির্ণয় , উন্নত পরীক্ষাগারের সুবিধা থাকা সহ বন্যপ্রাণী সংরক্ষণের ক্ষেত্রে কর্মরত পেশাদারী লোকেদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা থাকবে । এ ছাড়াও কেন্দ্রীয় মন্ত্রী জাতীয় দুর্যোগ মোকাবিলা নিরসন তহবিলের সহায়তায় নির্মীত আসামের জলাশয়গুলির পুনরুদ্ধার এবং পুনরুজ্জীবিতকরণের প্রকল্পের সূচনা করেন । ৬শো ৯২ কোটি টাকা ব্যায়সাপেক্ষে নির্মান করা এই প্রকল্পের মাধ্যমে রাজ্যের ৯টি জেলায় বিজ্ঞানসম্মতভাবে চিহ্নীত করা ১৫টি জলাশয়ের পুনরুদ্ধার এবং পুনরুজ্জীবিত করার ব্যবস্থা গ্রহণ করা ছাড়াও শহরাঞ্চলের বন্যা সমস্যা রোধ , জলাশয়গুলির জলধারণ ক্ষমতা বৃদ্ধি এবং সামগ্রীক বন্যা ব্যবস্থাপনা শক্তিশালী করা হবে । ডিব্রুগড়ের কার্যসূচী সমাপ্ত করে শ্রী শাহ ধেমাজির কারেং চাপরিতে অনুষ্ঠিত মিচিং যুব মহোৎসবের সমাপ্তি অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে অংশ গ্রহণ করেন ।

---

সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকাও আজ জাতির পিতা মহাত্মা গান্ধীর ৭৮তম মৃত্যু বার্ষিকীতে তাকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেছে । দেশ আজ শহীদ দিবস উপলক্ষে স্বাধীনতা আন্দোলনের সব শহিদদের প্রতিও শ্রদ্ধা জ্ঞাপন করেছে । জাতির পিতার

মৃত্যু বার্ষিকী উপলক্ষে আজ নতুন দিল্লীর রাজঘাটের গান্ধী সমাধিতে সর্বধর্ম প্রার্থনার আয়োজন করা হয় । রাষ্ট্রপতি শ্রমতী দ্রৌপদী মুর্মু , উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজঘাটে মহাত্মা গান্ধী স্মারকে পুষ্পাঞ্জলি অর্পন করেন । প্রতি বছর ৩০ জানুয়ারীতে অহিংস নীতিতে স্বাধীনতা আন্দোলনের নেতৃত্ব প্রদান করা মহাত্মা গান্ধীর জীবন ও আদর্শের প্রতি সম্মান জানানো হয় । এছাড়াও দেশের স্বাধীনতা আন্দোলনে প্রাণ আহুতি দেওয়া স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এই দিনটিকে শহিদ দিবস হিসেবে পালন করা হয় । উল্লেখ্য যে জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানিয়ে সমগ্র দেশে আজ বেলা ১১টায় ২ মিনিটের জন্য মৌনতা অবলম্বন করা হয় ।

-----------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগেও আজ শহীদ দিবস পালন করা হয়েছে । জেলার অতিরিক্ত আয়ুক্ত ডেভিড কুমার বরার পৌরহিত্যে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের আয়োজিত শহীদ দিবসে দু মিনিটের নীরবতা পালন করা হয়েছে ।

শ্রীভূমি জেলায়ও আজ যথাযোগ্য মর্য্যাদায় শহীদ দিবস পালন করা হয়েছে ।

এদিকে হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগেও আজ জাতির জনক মহাত্মা গান্ধীর তিরোধান দিবস শহীদ দিবস হিসেবে পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে হাইলাকান্দি শহরে জনসংযোগ বিভাগের স্থায়ী মাইক যোগে সকাল ১০টা ৫৯ মিনিটে সাইরেন বাজিয়ে দু মিনিটের  মৌনতা পালন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের ৩১তম দ্বিবার্ষিক কেন্দ্রীয় অধিবেশন আজ হাইলাকান্দিতে এক বর্ণাঢ্য শোভাযাত্রার মাধ্যমে শুরু হয়েছে । এই শোভাযাত্রায় বাংলা শিল্প, সাহিত্য এবং সংস্কৃতির বৈচিত্র তুলা ধরা হয়েছে । শোভাযাত্রার পর সম্মেলনের মূল কার্য্যসূচী আরম্ভ হয়েছে । তিন দিনের এই সম্মেলন হাইলাকান্দির রবীন্দ্র ভবন, নজরুল সদন এবং বঙ্গভবন প্রাঙ্গনে অনুষ্ঠিত হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

শিলচর পৌর নিগমের উদ্যোগে আজ থেকে ৭৪তম গান্ধী মেলা ও প্রদর্শনী শুরু হয়েছে । বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই এই মেলার উদ্বোধন করেন । উদ্বোধনী অনুষ্ঠানে বিধায়ক দীপায়ন চক্রবর্তী সহ শহরের বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন । উদ্বোধনের পর মন্ত্রী শ্রীরাই সহ বিশিষ্ট জনেরা মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন ।

-----------------------------------------------------------------------------------

জুবিন গার্গের মৃত্যু মামলায় গ্রেপ্তার হওয়া ৩ জন অভিযুক্ত অমৃতপ্রভা মহন্ত , নন্দেশ্বর বরা এবং পরেশ বৈশ্যর জামিন আবেদন আজ কামরূপ মহানগর জেলা ও সেশন বিচারপতির আদালত নাকচ করেছে । গত ২২ জানুয়ারী এই তিন জন অভিযুক্তের জামিন আবেদন সম্পর্কে আদালতে শুনানী গ্রহণ করা হয়েছিল । শুনানীর সময় জিয়াউল কামার নেতৃত্বাধীন লোক আইনজীবীর দল অভিযুক্ত ৩ জনের জামিনের বিরোধিতা করে আবেদন দাখিল করেছিল । এক ই ভাবে জুবিন গার্গের পত্নী গরীমা শ ইকীয়া গার্গের পক্ষে ওকালতি করা আইনজীবী ও অভুযুক্ত ৩ জনের জামিনের বিরোধীতা করে আদালতে আবেদন দাখিল করেছিলেন । আদালত উভয়পক্ষের যুক্তি-তর্ক শুনার পর অভিযুক্ত ৩ জনের জামিন আবেদন সম্পর্কে রায়দান জন্য আজকের দিনটিকে ধার্য করেছিল । আগামী ১৬ ফেব্রুয়ারী পর্যন্ত আদালত এই মামলার শুনানী স্থগিত রেখেছে ।

-----------------------------------------------------------------------------------

ধলাই-র বিধায়ক নীহার রঞ্জন দাস আজ দার্বি চা বাগান নাচঘরে মূখ্যমন্ত্রীর  একটি কলি-দুটি পাতা বিশেষ প্রকল্পে চা বাগান শ্রমিকদের মধ্যে পাঁচ হাজার টাকা করে চেক বিতরন করেন । এ উপলক্ষ্যে আয়োজিত সভায় বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক শ্রীদাস বলেন যে চা বাগানের শ্রমিকদের কল্যানে সরকার পরিকল্পনা গ্রহন করে বাস্তবায়িত করছে । বিধায়ক শ্রীদাস আরো বলেন যে দার্বি চা বাগানের নাচঘর ৩৬ লক্ষ টাকা ব্যয় করে কিচু দিনের মধ্যে নির্মান করা হবে । এছাড়া সভায় নরসিংপুর উন্নয়ন খন্ডের সহকারী আধিকারীক এস মেরাবাবু সিংহ , জেলা পরিষদ সদস্য ধর্মেন্দ্র তিওয়ারী ,দার্বি গ্রাম পঞ্চায়েতের সভাপতি রাম সিংহাসন গোয়ালা , বিজেপির কাছাড় জেলা সম্পাদক পরেশ তাঁতি প্রমূখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার শিশুদের নিরাপত্তা সুনিশ্চিত করতে সুরক্ষিত শৈশব-সোনালী অসম কার্য্যসূচীর অধীনে আজ শ্রীভূমির নীলমনি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে একটি সচেতনতা সভা ও জেলাভিত্তিক বক্তৃতা প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে । জেলা শিশু সুরক্ষা ইউনিটের উদ্যোগে এবং শ্রীভূমি জেলা প্রশাসনের সহযোগীতায় আয়োজিত সচেতনতা সভায় শিশুদের সুরক্ষা , অধিকার ও নিরাপদ শৈশব নিশ্চিত করার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয় । সভার পৌরহিত্য করে সহকারী আয়ুক্ত অন্বেষা খেরসা বলেন , একটি সুস্থ ও সবল সমাজ গঠনে শিশুদের নিরাপত্তা সুনিশ্চিত করতে হবে । জেলা

প্রশাসন আইনের মাধ্যমে শিশুদের নিরাপত্তা সুনিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করে থাকে ।

---------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ কলেজের ছাত্র সংসদ নির্বাচনে এন এস ইউ আই সর্মথিত প্রার্থী রুচিতা পুরকায়স্থ  সাধারন সম্পাদক পদে বিজয়ী হয়েছেন । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে ছাত্র সংসদ নির্বাচনে সহ-সভাপতি পদে আফজল আহমেদ , সহকারী সাধারন সম্পাদক পদে দেবজ্যোতি দে , কলেজ ম্যাগাজিন সম্পাদক পদে প্রকাশ চক্রবর্তী , সঙ্গীত ও নাট্য সম্পাদক পদে প্রীতম দাস , সামাজিক সেবা সম্পাদক পদে দেবজয় দেব , সহকারী সামাজিক সেবা সম্পাদক পদে ধানমনি চুটিয়া বিজয়ী হয়েছেন ।

---------------------------------------------------------------------------------------